স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই অগ্রহায়ণ বুধবার ১৩৬৯ ইংরাজী 21st Nov. 1962 | ২৮শ সংখ্যা







**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

## শারদীয়া মহাপূজার প্রাপ্য অবকাশ

'জঙ্গিপুর সংবাদে'র গ্রাহক, পাঠক, হিতাকাঙ্ক্ষী ও বিজ্ঞাপনদাতাগণের নিকট আমাদের বিনীত নিবেদন আমরা এই সংখ্যা "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করিয়া আমাদের পূর্ব্ব প্রার্থনামত দুই সপ্তাহের অবকাশ গ্রহণ করিব। 'জঙ্গিপুর সংবাদ' দুই সপ্তাহ বন্ধ থাকার পর আগামী ২৬শে অগ্রহায়ণ, ১৩৬৯ ইংরাজী ১২ই ডিসেম্বর, ১৯৬২ বাহির হইবে। প্রকাশক—'জঙ্গিপুর সংবাদ'

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৫ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৯ সাল।

## মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ

সরকার খাদ্যশস্যের মূল্য চড়িতে দিবেন না বলিয়া খাদ্যমন্ত্রী শ্রী পাতিল লোকসভায় ইতিপূর্ব্বে ঘোষণা করিয়াছিলেন। কার্য্যক্ষেত্রে, বিশেষতঃ পশ্চিমবঙ্গ রাজ্যে, দেখা যাইতেছে—চীনা-আক্রমণ হিড়িকের সুযোগ নিয়া মজুদদার এবং পাইকারী ও খুচরা বিক্রেতারা কতকগুলি খাদ্যশস্যের দর বাড়াইতে শুরু করিয়াছে। ইতিমধ্যে চাউলের দর তিন চার টাকা চড়িয়াছে, ডাল, তৈলবীজ প্রভৃতি অন্যান্য শস্যের মূল্যও ধীরে ধীরে উঁচুর দিকে চলিয়াছে। চীন-ভারত যুদ্ধের দিক হইতে দেখিতে গেলে পশ্চিমবঙ্গের ভৌগোলিক গুরুত্ব সমধিক, রণসম্ভার বণ্টন, যুদ্ধায়োজন প্রভৃতির দিক দিয়াও সরকারকে এই রাজ্যের উপর বহুলাংশে নির্ভর করিতে হইতেছে। কাজেই এখানকার খাদ্যশস্যের বাজারমূল্য স্থিতিশীল হোক এবং যুক্তি-সঙ্গত স্তরে থাকুক ইহাই কাম্য। কিন্তু অতি লোভী ব্যবসায়ীরা বর্ত্তমানের অস্বাভাবিক অবস্থার সুযোগে যেভাবে দর চড়ানোর চক্রান্ত করিতেছে, তাহা সত্যই উদ্বেগজনক। মূল্য বৃদ্ধির গতি অবিলম্বে আজ রোধ করিতে হইবে। এ সম্পর্কে আরো স্মরণ রাখিতে হইবে যে শুধু আইন বা অর্ডিনান্স প্রয়োগ দ্বারাই খাদ্যশস্যের মূল্যবৃদ্ধি রোধ করা যাইবে না, এজন্য একদিকে চাই পুলিসী কর্ম্মতৎপরতা, অপর দিকে দেশপ্রেমী জনগণের সজাগ ও সতর্ক দৃষ্টি। মূল্যবৃদ্ধির যে অবাঞ্ছিত প্রবণতা বর্ত্তমানের বাজারে দেখা যাইতেছে গোড়াতেই তাহা নিয়ন্ত্রণ করিতে না পারিলে সরকার সারা দেশে এক জটিল পরিস্থিতির সৃষ্টি করিয়া বসিবেন ইহাই আমাদের আশঙ্কা।

---

## রাজ্যপালের আগমন

আগামী ২৫শে নভেম্বর, ১৯৬২ রবিবার পশ্চিম বঙ্গের রাজ্যপাল মাননীয়া শ্রীমতী পদ্মজা নাইডু মুর্শিদাবাদ জেলার বহরমপুর, লালবাগ ও জিয়াগঞ্জে দান গ্রহণ করিবেন।

শত্রু কবলিত ভারতভূমি উদ্ধার ও ভারতীয় জওয়ানদের সাহায্যার্থে জাতীয় প্রতিরক্ষা তহবিলে দান করার দায়িত্ব এসে পড়েছে দেশবাসীর উপর। স্বাধীনতা রক্ষা আজ দেশের আবাল-বৃদ্ধ-বনিতা প্রতিটি নাগরিকের মহান কর্ত্তব্য। ভারতের পূর্ণ স্বাধীনতা ও অখণ্ডতা রক্ষা করতে আজ সর্ব্বশক্তি নিয়োগ করতে হবে। দেশের এই সঙ্কটময় মুহূর্ত্তে জেলাবাসী—ছোট, বড়, ধনী, নির্ধন, চাষী, মধ্যবিত্ত নির্ব্বিশেষে সকলে মহামান্য রাজ্যপালের হস্তে আপনাদের নিজ নিজ সামর্থ্য অনুসারে অর্থ (নগদ বা চেকে) এবং স্বর্ণ দান ক'রে জাতীয় প্রতিরক্ষাকে শক্তিশালী করুন এবং দেশ রক্ষার কাজে সক্রিয় অংশ গ্রহণ করুন। মা বোনেরাও দেশ রক্ষার ডাকে সাড়া দিন এবং আমাদের জওয়ানদের অস্ত্র সজ্জার জন্য মুক্তহস্তে অলঙ্কার দান করুন।

২৫শে নভেম্বর সকাল ৯॥০টায় রাজ্যপাল এই জেলাতে ১০ বৎসর মেয়াদী ডিফেন্স ডিপোজিট সার্টিফিকেট এবং ১২ বৎসর মেয়াদী ন্যাশনাল ডিফেন্স সার্টিফিকেট এর বিক্রয় অভিযানের উদ্বোধন ক'রবেন। আমানতকারীগণ সেখানেই ৯॥০ থেকে ১০॥০টা পর্য্যন্ত যে কোনও নির্দ্ধারিত মূল্যের ডিফেন্স সার্টিফিকেট কিনতে পারবেন।

---

## প্রশংসনীয় দান

খাগড়া ফাঁড়ির হাবিলদার শ্রীদেওদার দীক্ষিত ভারতীয় জাতীয় প্রতিরক্ষা তহবিলে রিজার্ভ ব্যাঙ্ক অব-ইণ্ডিয়া, নিউ দিল্লীর মারফৎ ২০১৲ টাকা মনিঅর্ডার যোগে পাঠাইয়াছেন। অল্প বেতনের একজন হাবিলদারের এই দান সত্যই প্রশংসনীয়।

---

## প্রতিরক্ষা তহবিলে সাহায্যের জন্য উপমন্ত্রীর প্রচেষ্টা

বিগত ৬ই নভেম্বর মঙ্গলবার জঙ্গিপুর স্কুল প্রাঙ্গণে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা-উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয়ের উদ্যোগে চীনের বর্ব্বরোচিতভাবে ভারতভূমি আক্রমণের প্রতিবাদে এক সভা হয়। সভায় জঙ্গিপুর কলেজের গ্রন্থাগারিক শ্রীবিশ্বপতি চট্টোপাধ্যায়, স্কুলের একাদশ শ্রেণীর ছাত্র শ্রীঅজিত রায়, শ্রীতাপস রায় প্রত্যেকে ১টি করিয়া আংটি ও ঐ শ্রেণীর শ্রীগৌতম দাস এক টুকরা সোনা দিয়াছেন। কলেজের অধ্যাপকবৃন্দ ও অন্যান্য কর্ম্মিগণ ১৯১.৩৫ নঃ পঃ, জঙ্গিপুর স্কুলের শিক্ষকগণ ও কর্ম্মিবৃন্দ ১৭৫৲ টাকা, ঐ স্কুলের ছাত্রগণ ১৭২.৩৭ নঃ পঃ দান করিয়াছেন। ৮ই নভেম্বর তিনি মুর্শিদাবাদ পৌরসভা (লালবাগ) ময়দানে এক জনসভায় চীনের আক্রমণ সম্বন্ধে বক্তৃতা করেন। রঘুনাথগঞ্জের সন্নিকটে শ্রীকান্তবাটী পশম শিল্প সমিতি পরিদর্শন করেন। তাঁহার চেষ্টায় উক্ত সমিতির সভ্যগণ ১৫০০৲ টাকা মূল্যের একশত খানি কম্বল দিতে প্রতিশ্রুত হইয়াছেন। ৯ই নভেম্বর তিনি খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি নিরোধের উদ্দেশ্যে জঙ্গিপুর সরবরাহ বিভাগের কর্ম্মিবৃন্দের, মহকুমা শাসক, মহকুমা পুলিশ অফিসার, দুর্নীতি-দমন বিভাগের সবইন্সপেক্টর এবং স্থানীয় ব্যবসাদার-গণের সহিত আলোচনা করেন। উক্ত দিবস বৈকালে জঙ্গিপুর পৌরসভার সভ্যগণের সভায় চীনা আক্রমণের নিন্দা ও প্রতিবাদ করা হয় এবং জাতীয় প্রতিরক্ষা তহবিলে পৌরসভা দুই হাজার টাকা ও কর্ম্মিবৃন্দ এক দিনের বেতন ১০৬.৩৪ নঃ পঃ দান করেন।

---

## ভারত-ঐক্য

॥ সু—মো—দে ॥

ভারত-লিপ্সু-জঙ্গীবাদীরে
আমরা যুঝিব নও-জোয়ান,
দেশের স্বার্থে দলমত ভুলে
আমরা সবাই আঁতাত-প্রাণ।
দুঃখ-বরণ প্রাণ বলিদানে
আজাদী লভেছে কেবা নাহি জানে?
পূত-স্বাধীনতা রক্ষাকল্পে
হেলায় করিব আত্মদান।
ভারত-ঐক্য লক্ষ্যে এ-পণ
রক্ষিব দেশ নতুবা মরণ,
আমরা রুখিব হানাদারদের
আমরা বাড়াব জাতির-মান,
ভারত-লিপ্সু-জঙ্গীবাদীরে
আমরা যুঝিব নও-জোয়ান।

## দশটা হইতে সাড়ে পাঁচটা

### কেন্দ্রীয় সরকারী কর্মীদের কর্মকাল বৃদ্ধি

কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের কাজের সময় আধ ঘণ্টা বৃদ্ধি করা হইতেছে বলিয়া জানা যায়। আগামী কয়েকদিনের মধ্যেই ঐ মর্মে সরকারী নির্দ্দেশ জারী করা হইবে। অতঃপর সরকারী দপ্তরগুলি সকাল ১০টা হইতে বিকাল ৫-৩০ মিনিট পর্য্যন্ত খোলা থাকিবে। অনুমান করা যাইতেছে যে রাজ্য সরকারের দপ্তরগুলিরও কাজের সময় আধ ঘণ্টা বৃদ্ধি করা হইবে। সন্ধ্যা ৫-৩০ মিনিটের পর হইতে অতিরিক্ত সময় কাজ করার জন্য ওভারটাইম ভাতা দেওয়া হইবে। বহু সরকারী কর্ম্মচারী অবশ্য ঐ ভাতা দাবী করিবেন না বলিয়া জানাইয়াছেন।

## রক্তদানের অভিপ্রায়

রঘুনাথগঞ্জ সেবা শিবির ক্লাবের ১১ জন তরুণ সদস্য হানাদারদের সঙ্গে লড়াইয়ে আহত সৈন্যদের জন্য রক্ত দিবেন বলিয়া মহকুমা শাসক মহোদয়কে জানাইয়াছেন। তরুণদের এই মহৎ উদ্দেশ্য খুবই প্রশংসনীয়।

# কাবুলী মেওয়া



কাবুলীর পিরীতির
নমুনা দেখ—
ঠেকিয়া শিখো না
দেখিয়া শেখ।
প্রথমে মিঠি মিঠি
বাৎ ভারী ঠাণ্ডা,
শেষে ভাগ্যে
লম্বা ডাণ্ডা।

এরা বোধ হয়
জ্যোতিষ জানে।
জলে ডুবিলেও
ধরিয়া আনে।
যদি কেহ বা
মরে অনাহারে।
তার চেয়ে মৃত্যু
ইহাদের ধারে।

## রাষ্ট্রপতির পৈতৃক ভবন

গ্রন্থাগার ও সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের ব্যবস্থা

মাদ্রাজ ১৬ই নভেম্বর—রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণন তিরুত্তানিস্থিত তাঁহার পৈতৃক বাসভবন জাতিকে দান করিয়াছেন। এই ভবনেই রাষ্ট্রপতি জন্মগ্রহণ করেন। যথোপযুক্ত একটী গ্রন্থাগার ও সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের জন্য ভবনটীর সংস্কার করা হইতেছে। ইহাতে প্রায় ৮০ হাজার টাকার মত ব্যয় হইবে বলিয়া বরাদ্দ করা হইয়াছে। ইহার মধ্যে রাষ্ট্রপতি ১০ হাজার টাকা দিয়াছেন।

## প্রতিজ্ঞা

শ্রীনগর ১৭ই নভেম্বর—বিংশ শতাব্দীর এক তরুণী রাজপুতানীর কাহিনী। বিবাহ তাহার স্থির হইয়া গিয়াছে। ভাবী স্বামী কাশ্মীর সরকারের একজন পদস্থ কর্ম্মচারী। শীঘ্রই উদ্বাহক্রিয়া সম্পন্ন হইবে। ইহার মধ্যে সুরু হইল চীনা আক্রমণ। ভাইয়েরা চলিয়া গেল শত্রুর সঙ্গে মোকাবিলা করিতে রণাঙ্গনে। তরুণীর ধমনীতে রাজপুত রক্ত উত্তাল হইয়া উঠিল। পিতামাতাকে জানাইয়া দিল: সৈনিক যে নয়, দেশরক্ষা করিবার জন্য লড়াই করিতে যে যায় না তাহাকে সে বিবাহ করিতে পারিবে না। ভাবী স্ত্রীর উদ্দীপনা ভাবী স্বামীর পৌরুষকে জাগাইয়া তুলিল। সে সৈন্যদলে যোগ দিল।

## দেবমন্দিরে চুরি

সম্প্রতি কান্দী মহকুমার ভরতপুর থানার অন্তর্গত জজান গ্রামের বহু প্রাচীন ও জাগ্রতা শ্রীশ্রী৺রী সর্ব্বমঙ্গলা দেবীর মন্দির হইতে প্রায় দেড় মণ ওজনের সূর্য্যদেবের প্রস্তরমূর্ত্তি, প্রায় আধ মণ ওজনের গঙ্গাদেবীর প্রস্তরমূর্ত্তি, লক্ষ্মীনারায়ণের যুগল প্রস্তরমূর্ত্তি, অষ্টধাতু নির্ম্মিত মঙ্গলচণ্ডী ও বাসুদেব মূর্ত্তি, সর্ব্বমঙ্গলা মায়ের নাকের নথ ও টিকলি চুরি গিয়াছে।


# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন,
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন।
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত ( দা'ঠাকুর )

# পরিবার-পরিকল্পনা কেন ?

## সুস্থ-সবল শিশু, সুখী দাম্পত্য-জীবন এবং পরিবারের সুখ, শান্তি ও সমৃদ্ধির জন্য

★

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত যে-সব পরিবার পরিকল্পনা কেন্দ্রে গিয়ে পরিবার-পরিকল্পনা বিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া যেতে পারে তার ঠিকানা :—

**॥ রাজ্য সরকার পরিচালিত ॥**

১। বহরমপুর আর জে এন রায় হাসপাতাল, পোঃ অঃ বহরমপুর।

২। কান্দি মহকুমা হাসপাতাল, পোঃ অঃ কান্দি।

৩। লালবাগ মহকুমা হাসপাতাল, পোঃ অঃ মুর্শিদাবাদ।

৪। জঙ্গীপুর মহকুমা হাসপাতাল, পোঃ অঃ রঘুনাথগঞ্জ।

৫। বেলডাঙ্গা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, পোঃ অঃ বেলডাঙ্গা।

৬। নওদা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, পোঃ অঃ আমতলা।

৭। খড়গ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, পোঃ অঃ খড়গ্রাম।

৮। জিয়াগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, পোঃ অঃ জিয়াগঞ্জ।

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত

### বেতার মন্ত্রীর আবেদন

দেশের সংবাদপত্র ও সাময়িকী সমূহের নিকট তথ্য ও বেতার মন্ত্রী ডাঃ গোপাল রেড্ডি আবেদন জানাইয়াছেন, তাঁহারা যেন প্রতিরক্ষা প্রচেষ্টার উদ্দেশ্যে প্রচারিত সরকারী বিজ্ঞাপনের জন্য বিনা-মূল্যে স্থান দান করেন। দেশবাসীর মনোবল অটুট রাখার জন্য, বর্ব্বর শত্রুকে পর্য্যুদস্ত করার মত শক্তি সংগ্রহের জন্য, সারা দেশে আজ প্রবল উদ্দীপনা জাগাইয়া রাখা দরকার। আমাদের জাতীয়তাবাদী ও আদর্শনিষ্ঠ সংবাদপত্র ও সাময়িকীগুলি গোড়া হইতে এই কাজ সোৎসাহে করিয়া আসিয়াছে।

### মুর্শিদাবাদ জেলায় সন্ত বিনোবা ভাবেজীর পাদ পরিক্রমা

আগামী ২৬শে নভেম্বর ১৯৬২ বাংলা ১০ই অগ্রহায়ণ হইতে সুদীর্ঘ ২৮ দিন ধরিয়া মুর্শিদাবাদের বিভিন্ন স্থানে সন্ত বিনোবা ভাবেজী তাঁহার পাদ-পরিক্রমা করিবেন এবং ২৪শে ডিসেম্বর বোখারা হইতে বীরভূম জেলায় প্রবেশ করিবেন। জঙ্গিপুর মহকুমা—২৬শে নভেম্বর হইতে ৫ই ডিসেম্বর ও ২২শে, ২৩শে ডিসেম্বর।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো যাইতেছে যে আমি বিবেকানন্দ ফিসারমেনস্ কো-অপারেটিভ সোসাইটী লিঃ এর ১-৭-৬১ তাং হইতে ৩০-৬-৬২ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা (Statutory audit) আগামী ২৩-১১-৬২ তারিখে আরম্ভ করিব। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০-৬-৬২ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগতভাবে আগামী ২৬-১১-৬২ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক পত্র (Verification slip) দেওয়া হইবে না। ২১-১১-৬২

শ্রীরামগতি মুখোপাধ্যায়
অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।

## বিজ্ঞপ্তি

১৯৪০ সালের বঙ্গীয় সমবায় সমিতি সমূহের আইন এবং আহিরণ দেশবন্ধু ফিশারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ সম্পর্কে।

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাইতেছে যে, আমি উপর্যুক্ত সমবায় সমিতির ইং ৩০-৬-৬২ তারিখে সমাপ্ত বৎসরের বিধানমূলক অডিট আগামী ইং ২৪-১১-৬২ তারিখে আরম্ভ করিব। অতএব উপর্যুক্ত সমিতির প্রত্যেক আমানতকারী, পাওনা-দার, দেনাদার এবং সভ্যকে তাঁহাদের ইং ৩০-৬-৬২ তারিখে গণ্য উক্ত সমিতির সহিত নিজ নিজ দেনার এবং/অথবা পাওনার এবং শেয়ারের হিসাব আমার সহিত সমিতির কার্য্যালয়ে আগামী ইং ২৯-১১-৬২ তারিখে বেলা ১১টা হইতে ৪ ঘটিকার মধ্যে মিলাইয়া ঠিক করাইয়া লইতে অনুরোধ করি। অন্যথায় সমিতির খাতাপত্রে প্রদর্শিত হিসাব নির্ভুল বলিয়া গণ্য করা হইবে।

প্রকাশ থাকে যে এ বিষয়ে কাহাকেও ব্যক্তিগতভাবে আলাদা কোন বিজ্ঞপ্তি দেওয়া হইবে না। ১৭-১১-৬২ ইং

স্বাঃ/- ই, রহমান
ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটিজ,
সুতী ১নং উন্নয়ন ব্লক।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ভি, ভি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

## পামারি

খোস, পাঁচড়া, একজিমা ও চুলকুনি রোগের অব্যর্থ মহৌষধ।

প্রাপ্তিস্থান—
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।